

৪৫-এও ফিট শ্বেতা, নেপথ্যে মোগলদের প্রিয় খাবার!-পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-২ ঃ মেহেরপুর-বুধবার ১৫ অক্টোবর ২০২৫ ইং ঃ ৩০ আশ্বিন ১৪৩২ বাংলা ঃ ২২ রবি,সানি ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com

## মিরপুরে কেমিক্যাল গোডাউনে অগ্নিকাণ্ডে নিহত বেড়ে ১৬

সূর্যোদয় প্রতিবেদন

রাজধানীর মিরপুরের শিয়ালবাড়িতে পোশাক কারখানা ও কসমিক ফার্মা নামের কেমিক্যাল গোডাউনে মঙ্গলবার ভয়াবহ অগ্নিকাণ্ডে নিহতের সংখ্যা বেড়ে ১৬ জনে পৌঁছেছে। এ ঘটনায় আরও বেশ কয়েকজন দগ্ধ হয়ে বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন। ফায়ার সার্ভিসের কন্ট্রোল রুম কর্মকর্তা তালহা বিন জসিম বলেন, "এ পর্যন্ত ১৬টি মরদেহ উদ্ধার করা হয়েছে। সব মরদেহ পোশাক কারখানার ভবন থেকে পাওয়া গেছে এবং ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। কেমিক্যাল গোডাউনের আগুন এখনও পুরোপুরি নিয়ন্ত্রণে আসেনি।" নিহত ও আহতদের স্বজনরা ঘটনাস্থলে ভিড় করছেন এবং নিখোঁজদের খোঁজে হাসপাতাল ও আশপাশে ছোটাছুটি করছেন। অনেকেই নিখোঁজদের ছবি হাতে কান্নায় ভেঙে পড়ছেন। অগ্নিকাণ্ডের স্থানে স্বজনদের আহাজারি ও হতাশার দৃশ্য পুরো এলাকায় ছড়িয়ে পড়েছে। ফায়ার সার্ভিস সূত্রে জানা যায়, মঙ্গলবার

২-এর পৃষ্ঠা দেখুন



## জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়কের অপসারণের দাবি

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতালের দুর্নীতি, অনিয়ম ও অব্যবস্থাপনা বন্ধে তত্ত্বাবধায়ক ডা. শাহরিয়া শায়লা জাহানের অপসারণের দাবিতে মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার দুপুর ১২টায় হাসপাতাল প্রাঙ্গণে "মেহেরপুর সর্বস্তরের জনগণ" ব্যানারে এ মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। এ সময় মেহেরপুর জেলা সেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু বলেন, এ হাসপাতালের অবকাঠামো সুন্দর, কিন্তু এই অবকাঠামো যারা পরিচালনা করে তাদের মানসিকতা সুন্দর না হলে এই অবকাঠামোর কী মূল্য। তত্ত্বাবধায়ককে উদ্দেশ্য করে তিনি বলেন, আপনার যে নৈতিক অবক্ষয় হয়েছে সেখান থেকে ফিরে আসুন। ক্রীড়া সংগঠক এ এস লিটন বলেন, যেসব রাজনৈতিক নেতারা হাসপাতালের সঙ্গে সম্পৃক্ত আছেন, আপনারা মেহেরপুর সাধারণ জনগণের দিকে তাকিয়ে হাসপাতাল নিয়ে রাজনীতি থেকে বিরত থাকুন। সাধারণ রোগীরা হাসপাতালে চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হলে আমি ফেসবুকে লেখালেখি করি। এজন্য তত্ত্বাবধায়ক আমার নামে সেনাবাহিনীর কাছে অভিযোগ করেছে। এটা খুব দুঃখজনক। আমরা সাধারণ মানুষ, আমরা মৃত্যুকে ভয় পাই না। আমরা যদি আপনার গলা চেপে ধরি আপনি এখান থেকে যেতে পারবেন না। এই হাসপাতালে কোনো ঔষধ নেইড়এই নিয়ে একাধিক পত্র-পত্রিকায় লেখালেখি হয়েছে,

২-এর পৃষ্ঠা দেখুন

## আমঝুপিতে শান্তি সমাবেশ সহিংসতা পরিহারের আহ্বান

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে "সহিংসতা নিরসন ও সম্প্রীতি স্থাপন" শীর্ষক শান্তি সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। দি হাঙ্গার প্রজেক্টের এমআইপিএস প্রকল্প আয়োজন করে, এফসিডিও'র আর্থিক সহযোগিতায় গতকাল শুক্রবার সদর উপজেলার আমঝুপি নীলকুঠিতে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জেলা বিএনপির মহিলা দলের সভানেত্রী সায়্যেদাতুন্নেসা নয়ন। প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: খায়রুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শেখ মেসবাহ উদ্দীন এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো: মনিরুল ইসলাম। মুজাহিদ আল মুন্নার সঞ্চালনায় দি হাঙ্গার প্রজেক্টের লক্ষ্য ও উদ্দেশ্য তুলে ধরেন স্বাগত বক্তব্য রাখেন পিস অ্যাম্বাসেডর ও জেলা সেচ্ছাসেবক দলের সভাপতি মো: আজমল হোসেন মিন্টু। প্রধান অতিথি উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: খায়রুল ইসলাম বলেন, আমঝুপির রাজনৈতিক, শিক্ষা, খেলাধুলা ও অন্যান্য ক্ষেত্রে অবদান প্রসঙ্গে তিনি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি নীলকুঠিতে নতুন অবকাঠামো নির্মাণের বিষয়ে স্থানীয়দের অবহিত করেন এবং সকলকে নিয়ে সম্প্রীতির মেহেরপুর গড়ে তোলার প্রতিশ্রুতি দেন। সমাবেশে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সাবেক ইউপি চেয়ারম্যান ও সাবেক সাধারণ সম্পাদক উপজেলা বিএনপি




সাইফুল ইসলাম, উপজেলা জামায়াত ইসলামের সাধারণ সম্পাদক জব্বারুল ইসলাম, ইউনিয়ন জামায়াতের আমির মাহাসিন আলি, ইউনিয়ন জামায়াতের সাধারণ সম্পাদক রাকিবুল আলম মুক্ত, সাবেক ভূমি কর্মকর্তা আক্তার হোসেন, বিএনপি নেতা আব্দুস সাত্তার মুক্তা, পুজা উদযাপন পরিষদের সভাপতি সঞ্জিত পাল বাপ্পি প্রমুখ। সমাবেশে বক্তারা রাজনৈতিক মতভেদের সত্ত্বেও সহিংসতা পরিহার করে সংলাপ ও সম্প্রীতির মাধ্যমে সমাধান করার

২-এর পৃষ্ঠা দেখুন



## বলিয়ারপুরে বিএনপির ৩১ দফা পৌঁছে দিলেন কামরুল হাসান

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নের বলিয়ারপুর গ্রামে জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. কামরুল হাসানের নেতৃত্বে গতকাল মঙ্গলবার বিকেলে গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। এ সময় তিনি গ্রামে উপস্থিত সকল স্তরের মানুষের হাতে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে পুকুরে ডুবে শিশু ইয়ানুরের মৃত্যু

নিজস্ব প্রতিবেদক,গাংনী

পুকুরের পানিতে ডুবে ইয়ানুর রহমান (৫) নামের এক শিশুর মৃত্যু হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুরে গাংনী উপজেলার বামন্দী ক্যাম্প পাড়ায় এ ঘটনা ঘটেছে। ইয়ানুর রহমান কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার পারগোয়াল গ্রামের মো: জিয়াউল হকের ছেলে। বর্তমানে তারা বামন্দী পুলিশ ক্যাম্প পাড়ায় বসবাস করছেন। ইয়ানুরের মা আনোয়ারা খাতুন একজন মাদ্রাসায় রান্নার কাজ করেন। নিহত ইয়ানুরের মা জানান ইয়ানুর পুকুর পাড়ে এক বন্ধু সহ খেলছিল। দীর্ঘ সময় পার হলেও সে বাড়ি ফিরে না আসায় মা তাকে খুঁজতে গিয়ে পুকুর পাড়ে

২-এর পৃষ্ঠা দেখুন




## গাংনী ডিগ্রি কলেজে নবীনবরণ

নিজস্ব প্রতিবেদক,গাংনী

"জ্ঞান ও দক্ষতায় গড়ে তুলি নিজেকে সত্যের পক্ষে, ন্যায়ের হেলাল পেতে ছুটো অবিরাম চূড়ান্ত বিজয়ের লক্ষ্যে" এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরের গাংনী সরকারি ডিগ্রি কলেজে ক্যারিয়ার গাইডলাইন ও নবীনবরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার সকালে

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে ট্রাকের ধাক্কায় নিহত এক

নিজস্ব প্রতিবেদক,গাংনী

গাংনীতে ট্রাকের ধাক্কায় মোখলেচুর রহমান (৬০) নামের এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন।গতকাল মঙ্গলবার দুপুর ১টার দিকে গাংনী উপজেলার সাহারবাটি ইবাদতখানা এলাকার সামনে এ দুর্ঘটনা ঘটে। নিহত মোখলেচুর রহমান সাহারবাটি চারচারা বাজার এলাকার মৃত মোহাম্মদ আলীর ছেলে। প্রত্যক্ষদর্শীরা জানান, মোখলেচুর রহমান গাংনী বাজার থেকে মোটর সাইকেল যোগে নিজ বাড়ি সাহারবাটি যাচ্ছিলেন। পথিমধ্যে ইবাদতখানা নামক স্থানে পৌঁছালে গাংনী থেকে ছেড়ে আসা একটি ট্রাক পেছন দিক

২-এর পৃষ্ঠা দেখুন



## মটমুড়া বিএনপির ওয়ার্ড কমিটির পরিচিতি সভা

নিজস্ব প্রতিবেদক,গাংনী

মেহেরপুরের গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়ন বিএনপির ১নং ওয়ার্ডের ৫১ সদস্য বিশিষ্ট নির্বাহী কমিটির পরিচিতি সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকাল সাড়ে ৪টার দিকে চর গোয়ালগ্রাম সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ১নং ওয়ার্ড বিএনপির সভাপতি মোফাজ্জেল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত পরিচিতি

২-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে আমিরুল ইসলামের গণসংযোগ


নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগরে ধানের শীষের পক্ষে গণসংযোগ ও পথসভা করেছেন উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম। গতকাল মঙ্গলবার বিকেল সাড়ে ৪টার দিকে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের দুর্গাপাড়া ও নতুন পাড়া এ গণসংযোগ ও পথসভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক হারুন অর রশিদ, যুগ্ম সম্পাদক মানজারুল ইসলাম ও সাইফুল ইসলাম, মহাজনপুর ইউনিয়ন বিএনপির সভাপতি আশরাফুল হক কালু ও সাধারণ সম্পাদক সোনা গাইন, বাগোয়ান

২-এর পৃষ্ঠা দেখুন

## কেউ মনে রাখেনি মুন্সি সাখাওয়াত হোসেনকে

নিজস্ব প্রতিবেদক



মেহেরপুরের বিশিষ্ট শিক্ষাবিদ ও রাজনীতিবিদ মরহুম মুন্সি সাখাওয়াত হোসেনের গতকাল ছিলো ২৯তম মৃত্যুবার্ষিকী। ১৯৯৬ সালের ১৪ অক্টোবর হৃদরোগে আক্রান্ত হয়ে তিনি ঢাকার একটি হাসপাতালে মৃত্যুবরণ করেন। শিক্ষাক্ষেত্র ও রাজনীতির বিভিন্ন মহলে তার অবদানকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করার কথা থাকলেও আজ কেউ তাঁকে মনে রাখেনি নিরবে গোপনে চলে গেলো এই শিক্ষাবিদ ও বর্ষীয়ান রাজনীতিবিদ এর মৃত্যু দিবসটি।

প্রবীন সাংবাদিক গ্রেটার কুস্টিয়ার সম্পাদক রবিউল আলমএর কাছ থেকে জানাযায়, স্বাধীনতা যুদ্ধের পর মুন্সি সাখাওয়াত হোসেন কবি নজরুল শিক্ষা মঞ্জিলে প্রধান শিক্ষক হিসেবে যোগদান করেন। ১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময় তিনি মেহেরপুরে নেতৃত্ব দেন। ঢাকায় ছাত্র হত্যা প্রতিবাদে আবুল কালামের সভাপতিত্বে ১৯৫২ সালের ২৪ ফেব্রুয়ারি মেহেরপুর পৌরসভার তেতুলতলায় অনুষ্ঠিত প্রতিবাদ সভায় সভাপতিত্ব করেন তুলনামূলকভাবে তরুণ ছাত্র মুন্সি সাখাওয়াত

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুর ওয়ার্ড মহিলা দলের কর্মীসভা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর পৌর এলাকার ২ নম্বর ওয়ার্ডে বাংলাদেশ জাতীয়তাবাদী মহিলা দলের কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে। দলের তৃণমূল শক্তিশালীকরণ ও নারী নেতৃবৃন্দের সম্পৃক্ততা বৃদ্ধিই এ কর্মীসভার মূল উদ্দেশ্য ছিল। গতকাল মঙ্গলবার বিকেলে ২ নম্বর ওয়ার্ড বিএনপির আয়োজনে কর্মীসভা অনুষ্ঠিত হয়। সভার সভাপতিত্ব করেন ২ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি শামসুর রহমান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান। সঞ্চালনা করেন ২ নম্বর ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক

২-এর পৃষ্ঠা দেখুন

## জামায়াত আওয়ামী লীগের লেজ ধরে চলতে ভালোবাসে: রিজভী

সূর্যোদয় প্রতিবেদন

জামায়াতে ইসলামী আওয়ামী লীগের লেজ ধরে চলতে ভালোবাসে বলে মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি বলেন, "ভোট দিলে বেহেশতে যাওয়া সহজ হবে" এমন প্রচারণা মানুষের সঙ্গে প্রতারণা ছাড়া কিছু নয়। যারা নভেম্বরে গণভোটের কথা বলছেন, তাদের নিশ্চয়ই কোনো মাস্টারপ্ল্যান রয়েছে। মঙ্গলবার (১৪ অক্টোবর) দুপুরে জাতীয় প্রেস ক্লাবে জাতীয়তাবাদী ওলামা দলের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত আলোচনা সভায়

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

অনুবাক্য
মামুনুর রশিদ মামুন
খবর (বিষাক্ত স্পিরিট পানে মৃতের সংখ্যা সাত)
নেশার লাটিম ঝিম ধরেছে
যখন মরণ পাখায় ধরে
অকারনেই মানুষ গুলো
স্পিরিট খেয়ে তারাই মরে।
ক্ষুধা পেটে না নেশার তোড়ে
জানে না তা লোকে
খালি পেটে দু ঢোক মেরে
নেশার ঢেকুর তোলে ।
কোথা থেকে জোগাড় করে
কোথায় যায় পাওয়া
প্রেসক্রিপশন নেইকো হাতে
কেমন করে যায় দেওয়া।
লাইসেন্স থাকলেই বিক্রি হবে
এমন ব্যাপার নয়
কঠোর আইন করলে পারে
বেচা কেনায় করতে পাবেভয়



## মোনাখালীতে তাজউদ্দীনের গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের বিশ্বনাথপুর গ্রামে গতকাল মঙ্গলবার মেহেরপুর-১ আসনের জামায়াত মনোনীত সংসদ সদস্য প্রার্থী মাওলানা তাজউদ্দীন খানের গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। মোনাখালী ইউনিয়ন জামায়াতের আমীর জনাব

২-এর পৃষ্ঠা দেখুন

## দুই গোলে এগিয়েও জাপানে ধরাশায়ী আনচেলত্তির ব্রাজিল

সূর্যোদয় প্রতিবেদন

প্রথমার্ধে দুই গোলে এগিয়ে থেকেও জাপানের কাছে হতাশাজনকভাবে হেরে গেল পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়ন ব্রাজিল। টোকিওর আজিনোমোতো স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে জাপান দ্বিতীয়ার্ধে তিনটি গোল করে ৩-২ গোলে লাতিন আমেরিকার জায়ান্টদের পরাস্ত করেছে। ম্যাচের শুরু থেকেই আক্রমণে এগিয়ে যায় ব্রাজিল। প্রথমার্ধের ২৬ মিনিটে ডিফেন্ডার পাওলো হেনরিকে ব্রুনো গিমারায়েসের অ্যাসিস্টে জাপানের জালে বল জড়ান।

২-এর পৃষ্ঠা দেখুন



## এনসিপিকে শাপলা প্রতীক দেওয়ার সুযোগ নেই: ইসি সচিব

সূর্যোদয় প্রতিবেদন

বিধিমালায় না থাকায় জাতীয় নাগরিক পার্টিকে (এনসিপি) শাপলা প্রতীক দেওয়ার কোনো সুযোগ নেই বলে জানিয়েছেন নির্বাচন কমিশনের (ইসি) জ্যেষ্ঠ সচিব আখতার আহমেদ। মঙ্গলবার দুপুরে রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে আয়োজিত ব্রিফিংয়ে তিনি বলেন, "এনসিপির সঙ্গে আমাদের দুই থেকে আড়াই ঘণ্টা আলোচনা

২-এর পৃষ্ঠা দেখুন

সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
■ অথেনটিক প্রোডাক্ট
■ সেরা দাম
■ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক,মেহেরপুর
হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১
আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।
■ বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইলবিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ বুধবার ॥ ৩০ আশ্বিন ১৪৩২ বাংলা ॥ ১৫ অক্টোবর ২০২৫ইং

## ভারত থেকে দুই বাংলাদেশি তরুণী উদ্ধার

# চাকরির প্রলোভনে দেহব্যবসার ফাঁদে

সূর্যোদয় প্রতিবেদন



‘বিউটি পার্লারে চাকরি’ড়এই প্রলোভনে সীমান্ত পেরিয়ে ভারতে গিয়েছিল দুই বাংলাদেশি তরুণী। কিন্তু প্রতিশ্রুত চাকরির বদলে তাদের ঠেলে দেওয়া হয় দেহব্যবসার অন্ধকার জগতে। শেষ পর্যন্ত পুনে পুলিশের তৎপরতায় মুক্তি পেয়েছেন ওই দুই তরুণী, যাদের বয়স যথাক্রমে ২২ ও ২০ বছর। পুলিশ সূত্রে জানা গেছে, ঘটনাটি প্রকাশ্যে আসে যখন পুনের কাত্রজ এলাকার এক তরুণী সাহস করে নিজেই ফোন করে পুলিশ কন্ট্রোল রুমে সাহায্য চান। দ্রুত অভিযান চালিয়ে পুলিশ তাকে উদ্ধার করে। তার দেওয়া তথ্যের ভিত্তিতে আম্বেগাঁও-পাঠার এলাকার একটি ফ্ল্যাটে অভিযান চালিয়ে আরেক তরুণীকে উদ্ধার করা হয়। এ ঘটনায় ধরা পড়েছেন ধনকাওয়াদি এলাকার বাসিন্দা রজু পাটিল। আদালত তাকে তিন দিনের পুলিশ হেফাজতে পাঠিয়েছে। তবে পলাতক রয়েছেন তার স্ত্রী, যিনি একই পাচারচক্রের সঙ্গে যুক্ত বলে ধারণা করছে পুলিশ। মামলাটি দায়ের হয়েছে ভারতী বিদ্যাপীঠ থানায়। উদ্ধার অভিযানে নেতৃত্ব দেন সহকারী পুলিশ ইন্সপেক্টর স্বপনিল পাটিল ও সিনিয়র ইন্সপেক্টর রাহুলকুমার খিলারে। তাদের দ্রুত পদক্ষেপেই নিরাপদে মুক্তি পায় দুই তরুণী। পুলিশের ধারণা, এটি কোনো বিচ্ছিন্ন ঘটনা নয়। গত কয়েক মাসে পুনের বুধওয়ার পেথ, কাত্রজ ও আম্বেগাঁও এলাকাজুড়ে এমন আন্তঃদেশীয় মানবপাচার নেটওয়ার্ক সক্রিয় রয়েছে। অননুমোদিত এজেন্ট, ভুয়া নথি ও স্থানীয় সহযোগীদের মাধ্যমে সীমান্ত পেরিয়ে এই অপরাধচক্র তরুণীদের ভারতে পাচার করছে। প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, উদ্ধার হওয়া তরুণীদের মেডিক্যাল পরীক্ষা সম্পন্ন হয়েছে। পাশাপাশি তাদের মানসিক সহায়তা ও পুনর্বাসনের কাজও শুরু হয়েছে। স্থানীয় এনজিও ও সামাজিক সেবা দফতর একযোগে তাদের আইনি ও মানবিক সুরক্ষা নিশ্চিত করতে কাজ করছে। মানবাধিকারকর্মীরা বলছেন, এটি শুধু একটি অপরাধ নয়ড়

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## গোলমরিচ যেভাবে খেলে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়বে

সূর্যোদয় প্রতিবেদন

বর্ষাকালে ঠান্ডা, কাশি, ভাইরাল জ্বর, হজমের সমস্যা এসব যেন স্বাভাবিক বিষয় হয়ে দাঁড়ায়। এ সময় বাতাসে আর্দ্রতার পরিমাণ বেড়ে যাওয়ায় শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল হয়ে পড়ে। এই সময়ে ঘরেই থাকা একটি সাধারণ মসলা গোলমরিচ হতে পারে শরীরকে সুস্থ রাখার এক প্রাকৃতিক সমাধান।‘মসলার রাজা’ খ্যাত গোলমরিচে রয়েছে এমন কিছু ঔষধিগুণ, যা শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে, হজমশক্তি উন্নত করতে এবং ঠান্ডা-কাশির উপশমে অত্যন্ত কার্যকর। গোলমরিচে থাকা প্রধান সক্রিয় উপাদান পাইপেরিন শরীরের জন্য অনেক উপকারী। এটি শুধু ঝাঁজালো স্বাদই আনে না, বরং এর রয়েছে অ্যান্টি-অক্সিডেন্ট, অ্যান্টি-ইনফ্লেমেটরি ও অ্যান্টি-মাইক্রোবিয়াল বৈশিষ্ট্য, যা রোগ প্রতিরোধে কাজ করে। রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করেঃ গোলমরিচে থাকা অ্যান্টি-অক্সিডেন্ট এবং অ্যান্টিব্যাকটেরিয়াল উপাদান শরীরের ইমিউন সিস্টেমকে শক্তিশালী করে। এতে ঠান্ডা-কাশির প্রকোপ কমে। গোলমরিচ শ্বাসতন্ত্র পরিষ্কার রাখতে সাহায্য করে, কফ

৩-এর পৃষ্ঠা দেখুন



## নীলনকশার নির্বাচনের ষড়যন্ত্র চলছে: আব্দুল্লাহ তাহের

সূর্যোদয় প্রতিবেদন

দেশে নীলনকশার মাধ্যমে প্রহসনের নির্বাচন আয়োজনের ষড়যন্ত্র চলছে বলে অভিযোগ করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামী’র কেন্দ্রীয় নায়েবে আমির ডা. আব্দুল্লাহ মো. তাহের। তিনি বলেছেন, বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে একটি নির্দিষ্ট দলের লোকদের বসিয়ে জাতীয় নির্বাচনকে প্রভাবিত করার পাঁয়তারা চলছে। এতে সুষ্ঠু নির্বাচনের কোনো লক্ষণ নেই বলেও মন্তব্য করেন তিনি। মঙ্গলবার (১৪ অক্টোবর) রাজধানীর মৎস্য ভবন মোড়ে পিআর ও জুলাই সনদের আইনি ভিত্তিসহ পাঁচ দফা দাবিতে আয়োজিত মানববন্ধনে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন জামায়াতের এ শীর্ষ নেতা। ডা. তাহের বলেন, “গণভোট এখন জাতির ঐক্যবদ্ধ একটি সিদ্ধান্ত। কিন্তু এখানেও একটি চক্রান্ত চলছে। বলা হচ্ছে, গণভোট ও জাতীয় নির্বাচন

৩-এর পৃষ্ঠা দেখুন

## ভারতে হিজাব পরায় মুসলিম ছাত্রীকে ক্লাসে ঢুকতে বাধা

সূর্যোদয় প্রতিবেদন

ভারতে হিজাব পরা নিয়ে ফের বিতর্কের ঝড় উঠেছে। কেরালা রাজ্যের এর্ণাকুলাম জেলার পল্লু-রুথির সেন্ট রিতা’স পাবলিক স্কুলে হিজাব পরে ক্লাসে ঢুকতে বাধা দেওয়া হয় অষ্টম শ্রেণির এক মুসলিম ছাত্রীকে। বিষয়টি সামনে আসতেই উত্তপ্ত হয়ে উঠেছে রাজ্যের শিক্ষা ও রাজনৈতিক অঙ্গন। ঘটনাটি ঘটে সম্প্রতি। স্কুল কর্তৃপক্ষের দাবি, ছাত্রীটি প্রতিষ্ঠানের নির্ধারিত ‘পোশাকবিধি’ ভঙ্গ করেছেন। তাই তাকে শ্রেণিকক্ষের দরজায় দাঁড় করিয়ে হিজাব খুলে ফেলতে বলা হয়। অভিযোগ অনুযায়ী, শিক্ষকরা এ সময় রূঢ় আচরণ করেন। এতে ক্ষুব্ধ হয়ে ছাত্রীটি জানায়, “এই স্কুল আমাকে হিজাব পরতে দিচ্ছে না। তারা দরজায় দাঁড় করিয়ে বলেছে, হিজাব খুলে ফেলো। আমি এখানে আর পড়ব না।” ঘটনার পর ছাত্রীটির অভিভাবক ক্ষোভ প্রকাশ করেন এবং বিষয়টি পৌঁছে যায় পেরেন্ট-টিচার অ্যাসোসিয়েশন (পিটিএ) পর্যন্ত। তবে সংগঠনটির সভাপতি যোগী উল্টো অভিযোগ করে বলেন, “এই ছাত্রীই খ্রিস্টান পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের ওপর পরিকল্পিত আক্রমণের সূচনা করেছে।” তিনি দাবি করেন, ঘটনার পেছনে সোশ্যাল ডেমোক্র্যাটিক পার্টি অব ইন্ডিয়া (এসডিপিআই) একটি ইসলামপন্থি রাজনৈতিক সংগঠন সম্পৃক্ত। বিতর্ক বাড়তে থাকায় স্কুল কর্তৃপক্ষ অভিভাবকদের উদ্দেশে একটি চিঠি পাঠায়। তাতে জানানো হয়, সকল ছাত্রছাত্রীকে সমান পোশাকনীতি বজায় রাখতে বলা হয়েছে, নিরাপত্তার স্বার্থে কেরালা হাইকোর্টের কাছে পুলিশ সুরক্ষার আবেদন করা হয়েছে, এবং ১৩ ও ১৪ অক্টোবর দুই দিনের অস্থায়ী ছুটি ঘোষণা করা হয়েছে।

৩-এর পৃষ্ঠা দেখুন





ট্রেনের টিকিট কালোবাজারি দমনে অভিযান

## সাত দিনে আদায় ১৭ লাখ টাকা, ৫৩ মোবাইল নম্বর ব্লক

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ রেলওয়ে গঠিত বিশেষ টাস্কফোর্সের অভিযানে গত সাত দিনে টিকিট কালোবাজারি ও অনিয়ম দমনে ১৭ লাখ ২৬ হাজার টাকা আদায় করা হয়েছে। এর মধ্যে টিকিটের মূল্য ও জরিমানা উভয়ই অন্তর্ভুক্ত। রেলপথ মন্ত্রণালয়ের সিনিয়র তথ্য অফিসার রেজাউল করিম সিদ্দিকীর স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে মঙ্গলবার (১৪ অক্টোবর) এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, ‘টিকিট যার, ভ্রমণ তার’ নীতি বাস্তবায়নের লক্ষ্যে রেলওয়ে কর্তৃপক্ষ গত ৬ অক্টোবর থেকে দেশজুড়ে অভিযান শুরু করে। এ লক্ষ্যে পূর্বাঞ্চলে ১৩টি ও পশ্চিমাঞ্চলে ১০টিড় মোট ২৩টি টাস্কফোর্স কাজ করছে। গত ১২ অক্টোবর পর্যন্ত পরিচালিত অভিযানে ৬ হাজার ২৭৮ জন বিনা টিকিটে ভ্রমণকারী ও

৩-এর পৃষ্ঠা দেখুন

## ট্রাম্পের শান্তিচুক্তির আহ্বান প্রত্যাখ্যান করল ইরান

সূর্যোদয় প্রতিবেদন

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের শান্তিচুক্তির আহ্বান সরাসরি প্রত্যাখ্যান করেছে ইরান। মঙ্গলবার (১৪ অক্টোবর) এক বিবৃতিতে দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয় জানায়, যুক্তরাষ্ট্রের সাম্প্রতিক সামরিক কর্মকাণ্ডের সঙ্গে ট্রাম্পের শান্তির প্রস্তাব সাংঘর্ষিক ও অবিশ্বাসযোগ্য। বিবৃতিতে ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয় বলে, “মার্কিন প্রেসিডেন্টের শান্তি ও সংলাপের আহ্বান ইরানবাসীর প্রতি যুক্তরাষ্ট্রের শত্রুতাপূর্ণ ও অপরাধমূলক আচরণের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়।” গত জুনে ইসরায়েল ইরানের বিভিন্ন স্থাপনায় নজিরবিহীন বিমান হামলা চালায়। পারমাণবিক স্থাপনা, সামরিক ঘাঁটি ও আবাসিক এলাকাগুলোতে পরিচালিত সেই হামলায় এক হাজারেরও বেশি মানুষ নিহত

৩-এর পৃষ্ঠা দেখুন



## এমপিওভুক্ত শিক্ষকদের আলটিমেটাম দাবি না মানলে আমরণ অনশন

সূর্যোদয় প্রতিবেদন

বাড়ি ভাড়া ভাতা বৃদ্ধি, চিকিৎসা ভাতা ও শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণের দাবিতে আন্দোলনে নেমেছেন এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা। মঙ্গলবার (১৪ অক্টোবর) বিকালে জাতীয় শহীদ মিনার থেকে সচিবালয় অভিমুখে ‘মার্চ টু সচিবালয়’ কর্মসূচি শুরু করলেও হাইকোর্টের সামনে পুলিশি ব্যারিকেডে তা থেমে যায়। পরে সেখানে বসেই অবস্থান কর্মসূচি পালন করেন শিক্ষকরা এবং নতুন আলটিমেটাম দেন সরকারকে। এমপিওভুক্ত শিক্ষা জাতীয়করণপ্রত্যাশী জোটের সদস্যসচিব অধ্যক্ষ দেলোয়ার হোসেন আজিজী অবস্থান কর্মসূচি থেকে বলেন, মঙ্গলবার আমরা এখানে (হাইকোর্টের সামনে) অবস্থান করব। বুধবার সকাল ১১টার মধ্যে আমাদের দাবি না মানলে আমরা শাহবাগে অবস্থান নেব। তারপরও

৩-এর পৃষ্ঠা দেখুন



## যেনতেন নির্বাচন দিয়ে ‘সেফ এক্সিট’ হবে না: সারজিস আলম

সূর্যোদয় প্রতিবেদন

নেত্রকোনা, ১৪ অক্টোবর জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম জানিয়েছেন, জুলাই সনদের বাস্তবায়ন ছাড়া কারও জন্যই ‘সেফ এক্সিট’ গ্রহণযোগ্য নয়। কিছু উপদেষ্টা যেনতেনভাবে নির্বাচন দিয়ে সুবিধা নিতে চাইলেও তা হতে দেওয়া হবে না। দেশের স্বার্থে এনসিপি প্রয়োজনে এককভাবেও

৩-এর পৃষ্ঠা দেখুন



## ড্রোন, বিস্ফোরণ, হত্যার ঘটনা নেই, গাজায় এখন যা আছে

সূর্যোদয় প্রতিবেদন

গাজা উপত্যকার দেইর আল-বালাহ শহরের বাসিন্দারা অনেক দিন পর পেয়েছেন খানিকটা স্বস্তি। এখানে আর ড্রোনের শব্দ শোনা যাচ্ছে না, হয়নি কোনো বোমা বিস্ফোরণ কিংবা হত্যার ঘটনা। মঙ্গলবার শহরটি থেকে এমন চিত্র তুলে ধরেছেন আল জাজিরার সাংবাদিক হিন্দ

৩-এর পৃষ্ঠা দেখুন

## তালেবানের ৪০০ যোদ্ধা নিহতের দাবি পাকিস্তানের

সূর্যোদয় প্রতিবেদন

তালেবানের অন্তত ৪০০ যোদ্ধাকে হত্যার দাবি করেছে পাকিস্তান। দেশটির সামরিক বাহিনীর গণমাধ্যম শাখা (ইন্টার-সার্ভিসেস পাবলিক রিলেশনসআইএসপিআর) সূত্রে কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরা এই তথ্য নিশ্চিত করেছে। আইএসপিআরের সূত্র জানায়, বিশ্বাসযোগ্য গোয়েন্দা তথ্য ও ক্ষয়ক্ষতির মূল্যায়নের ভিত্তিতে পাকিস্তানি বাহিনী ধারণা করছে, চলমান সীমান্ত সংঘর্ষে আফগানিস্তানের অন্তত ৪০০ যোদ্ধা নিহত হয়েছে এবং আরও অনেকে আহত হয়েছেন। সূত্রটি আরও জানায়, এই অভিযানে আফগানিস্তানের বিভিন্ন

৩-এর পৃষ্ঠা দেখুন

✨ জামান বস্ত্রালয় ✨

আপনার আস্থার পোশাকের ঠিকানা

সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ

জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক

সালোয়ার-কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু

ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন

ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা

একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!

ঠিকানা: বড়বাজার, মেহেরপুর

যোগাযোগ: 01718 552784, 01673 980044

প্রযুক্তি

## মোবাইল গ্যালারি নিরাপদ রাখুন

সূর্যোদয় প্রতিবেদন

হাতে মোবাইল মানেই মুহূর্তে ছবি তোলা, কিন্তু গ্যালারির সেই ছবি হ্যাক হয়ে বিপদে ফেলতে পারে। কিছু সতর্কতা মানলেই ঝুঁকি অনেকটা কমানো যায়। অজানা অ্যাপকে গ্যালারিতে প্রবেশের অনুমতি দেবেন না। প্রয়োজন ছাড়া ‘এলাও’ নয়। অপরিচিতকে ছবি পাঠাবেন না। একবার শেয়ার করা ছবি আর আপনার নিয়ন্ত্রণে থাকে না। লোভনীয় অফার বা ভাইরাল ভিডিওর লিংকে ক্লিক করবেন না। তাতে ছবি বা ডেটা বেহাত হতে পারে। অল্প রেটিং বা অপরিচিত ডেভেলপারের অ্যাপ ব্যবহার ঝুঁকিপূর্ণ। হ্যাকাররা ফ্রি ওয়াই-ফাইয়ের মাধ্যমে ফোনে প্রবেশ করতে পারে। প্রয়োজনে মোবাইল ডেটা ব্যবহার করুন। সন্দেহজনক মেসেজে ক্লিক নয়। এতে ম্যালওয়্যার ঢুকে ফোনের নিয়ন্ত্রণ হারাতে পারেন। হ্যাক



হলে করণীয়: সাইবার ইউনিটে অভিযোগ করুন। বিশ্বাসযোগ্য কারো সহায়তা নিন। নিজেকে দোষ দেবেন না; বরং ভবিষ্যতে আরও সতর্ক হোন।

স্মৃতি অমূল্য তাই সতর্ক থাকুন, গ্যালারি রাখুন নিরাপদ।

মায়ের হাসি ক্লিনিক

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু’র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।

পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫

মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ



এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

ডা: মো: শাহিনুর রশিদ

চিকিৎসা সেবা সমূহ

• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।

নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।

রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর

সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308


দিন রাত মানবিক সেবার নিশ্চয়তা

কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব

মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে (আসিফ প্লাজা ২ য় তলা)

সিরিয়ালের জন্য : ০১৭৫৭-৮২৮২৭৮

ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল



এমবিবিএস,বিসিএস(স্বাস্থ্য) এফ.সি.পি.এস (ইউরোলজি),এম.স (ইউরোলজি)বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন

কিডনী, মুত্রথলী, মুত্রনালী, প্রোস্টেট গ্রান্থি, অন্ডেকোষ, পুরুষ প্রজাননতন্ত্র ও ফিমেল ইরোলজি বিশেষজ্ঞ ও সার্জন।

রোগী দেখোর সময় : দুপুর ২ টা হতে রাত ৮ টা

শনি ও রবিবার

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
আমাদের সূর্যোদয়
মেহেরপুর,বুধবার, ১৫ অক্টোবর ২০২৫ ইং

## ভ্যাকসিনে বাণিজ্য-কৃষকের জীবিকা নিয়ে ছিনিমিনি খেলা

গরু আমাদের কৃষি অর্থনীতির অবিচ্ছেদ্য অংশ। গাংনীসহ সারা দেশের খামারিরা প্রাণপণ পরিশ্রম করে দেশের দুধ ও মাংসের চাহিদা মেটান। কিন্তু দুঃখজনক যে, সেই খামারিদের জীবন ও জীবিকার নিরাপত্তা আজ প্রশ্নবিদ্ধ হচ্ছে কিছু অসাধু কর্মকর্তার আচরণে। সম্প্রতি গাংনী উপজেলা প্রাণীসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডা. আলাউদ্দিনের বিরুদ্ধে সরকারি বরাদ্দকৃত লাম্পি স্কিন ডিজিজ (এলএসডি) ভ্যাকসিন টাকা নিয়ে বিক্রির অভিযোগ উঠেছে। খামারিদের দাবি, বিনামূল্যে দেওয়ার কথা থাকলেও গোপনে ৩,৭০০ টাকা পর্যন্ত আদায় করা হচ্ছে। এই অভিযোগ যদি সত্য হয়, তবে এটি কেবল অনৈতিক নয়, বরং অপরাধও বটে। কারণ এটি সরকারি সম্পদ আত্মসাতের শামিল এবং দুর্দশাগ্রস্ত কৃষকের প্রতি এক ধরনের বিশ্বাসঘাতকতা। ভাইরাসজনিত লাম্পি স্কিন ডিজিজ ইতিমধ্যেই গাংনীর গ্রামাঞ্চলে আতঙ্ক সৃষ্টি করেছে। গরু মারা যাচ্ছে, বাছুরের মৃত্যু হার বাড়ছে, উৎপাদন কমে যাচ্ছে। এমন পরিস্থিতিতে সরকারের দেওয়া ভ্যাকসিনই কৃষকদের একমাত্র আশার আলো। আর সেই আশাতেই যদি বাণিজ্যের কালো ছায়া পড়ে, তবে সেটি কৃষিখাতের জন্য এক গভীর সংকেত। যদিও অভিযুক্ত কর্মকর্তা ও উপজেলা প্রাণীসম্পদ অফিস এ অভিযোগ অস্বীকার করেছেন, তবু বিষয়টি এড়িয়ে যাওয়া যায় না। তদন্তের মাধ্যমে সত্য উদঘাটন জরুরি। কারণ, সরকারি সম্পদের ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহি না থাকলে দুর্নীতি বাড়বে, আর তার চূড়ান্ত মূল্য দিতে হবে কৃষক সমাজকে। সরকারের উচিত অবিলম্বে স্বাধীন তদন্ত কমিটি গঠন করে বিষয়টি খতিয়ে দেখা, দোষীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া এবং খামারিদের কাছে স্বচ্ছ প্রক্রিয়ায় ভ্যাকসিন বিতরণ নিশ্চিত করা। একই সঙ্গে স্থানীয় প্রশাসন ও গণমাধ্যমকেও সতর্ক ভূমিকা নিতে হবে যেন এমন অনিয়ম পুনরায় না ঘটে। প্রাণিসম্পদ খাতে বাণিজ্যের জায়গা নেই এটি মানবিক দায়িত্বের ক্ষেত্র। কৃষকের ঘামে ভেজা জীবিকা নিয়ে কেউ যেন ছিনিমিনি খেলতে না পারে, এটাই এখন সময়ের দাবি।

## আমঝুপিতে শান্তি সমাবেশ সহিংসতা

(প্রথম পৃষ্ঠার পর)

আহ্বান জানান। যুবসমাজকে মানবতা, ভালোবাসা ও সম্প্রীতির চর্চায় উৎসাহিত করার গুরুত্ব তুলে ধরা হয়। তারা আরো বলেন ভুল করলে সংশোধনের সুযোগ থাকা উচিত, দ্বন্দ্ব নয়। এছাড়া অতীত সরকারের সহিংস আচরণ ও ভোটাধিকার হরণের সমালোচনা করে ভবিষ্যতে সচেতন থাকার আহ্বান জানান। সমাবেশে স্থানীয় রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক নেতৃবৃন্দ, পাশাপাশি পিএফজি, ওয়াইপিএজি ও নারী নেটওয়ার্কের সদস্যবৃন্দ উপস্থিত ছিলো।

## জেনারেল হাসপাতালের

(প্রথম পৃষ্ঠার পর)

তারপরও কেন এর প্রতিকার হচ্ছে না। মেহেরপুরের রাজনৈতিক নেতারা এই তত্তাবধায়ককে লালন-পালন করেন। জুলাই যোদ্ধা খন্দকার মুইজ উদ্দিন বলেন, এর আগেও আমরা মানববন্ধন করেছি, সেই মানববন্ধনের কোনো ফল আমরা দেখিনি। আমরা শুনেছি, এ তত্তাবধায়ক একটি রাজনৈতিক ছত্রছায়ায় থাকে; তার হাত নাকি অনেক লম্বা। কিন্তু আপনারা জানেন না, ছাত্রদের হাত আরও লম্বা। আরও বক্তব্য রাখেন মাদ্রাসা শিক্ষক আব্দুস সালাম, কলেজ ছাত্র মারুফ ইসলাম, জিয়া মঞ্চের সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম, মল্লিকপাড়া যুব সংঘের সভাপতি হাসনাত জামান সৈকত, এনসিপির জেলা কমিটির সদস্য শাওন শেখ প্রমুখ। এ সময় বক্তারা আরও বলেন, এই হাসপাতালের তত্তাবধায়ক একটি রাজনৈতিক দলের সঙ্গে সখ্যতা তৈরি করে দুর্নীতি, অনিয়ম ও অব্যবস্থাপনা সৃষ্টি করেছে। সাধারণ রোগীরা চিকিৎসা থেকে বঞ্চিত হচ্ছে। হাসপাতালে প্যারাসিটামল ছাড়া আর কোন ঔষধ পাওয়া যায় না। তত্তাবধায়কের অপসারণ না হলে রোগীবান্ধব হাসপাতাল সৃষ্টি হবে না। অবিলম্বে হাসপাতালের তত্তাবধায়ককে অপসারণ করা না হলে ভবিষ্যতে আরও কঠোর আন্দোলন গড়ে তোলা হবে।

## মিরপুরে কেমিক্যাল গোডাউনে

(প্রথম পৃষ্ঠার পর)

বেলা ১১টা ৪০ মিনিটে আগুনের খবর পাওয়া যায়। প্রথম ইউনিট ঘটনাস্থলে পৌঁছায় ১১টা ৫৬ মিনিটে। শুরুতে পাঁচটি ইউনিট আগুন নিয়ন্ত্রণে চেষ্টা চালায়, পরে আরও সাতটি ইউনিট আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করে। প্রত্যক্ষদর্শীদের বরাত দিয়ে বলা হয়েছে, হঠাৎ পোশাক কারখানায় বিস্ফোরণ ঘটে এবং মুহূর্তেই আগুন পাশের কেমিক্যাল গোডাউনে ছড়িয়ে পড়ে। ঘটনাস্থলে অগ্নিনির্বাপণে ফায়ার সার্ভিসের সঙ্গে সেনাবাহিনী, পুলিশ, র?্যাব, বিজিবি, স্বেচ্ছাসেবক ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরাও সহায়তা করেন। ফায়ার সার্ভিসের পরিচালক (অপারেশন) লেফটেন্যান্ট কর্নেল তাজুল ইসলাম জানান, "বিভিন্ন ধরনের রাসায়নিক থাকার কারণে আগুন নিয়ন্ত্রণে আনা কঠিন হয়েছে। তাই পুরোপুরি আগুন নিয়ন্ত্রণে আনতে সময় লেগেছে।"

## বলিয়ারপুরে বিএনপির ৩১ দফা

(প্রথম পৃষ্ঠার পর)

বিতরণ করেন এবং স্থানীয় জনগণের সঙ্গে মতবিনিময় করেন। গণসংযোগে জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সাবেক সদস্য আলমগীর খান ছাতু, সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, পৌর বিএনপির সভাপতি লতিফ বিশ্বাস, সাধারণ সম্পাদক এডভোকেট এহান উদ্দিন মনা, জেলা শহীদ জিয়া স্মৃতি সংসদের সভাপতি আলিফ আরাফাত, সাবেক সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, সাবেক সদর থানা যুবদল সভাপতি হাসিবুল ইসলাম স্বপন, বারাদি ইউনিয়ন বিএনপির সভাপতি আফারুল ইসলাম ডাবলু, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, বিএনপি নেতা নাহিদসহ ইউনিয়নের সকল ওয়ার্ডের নেতাকর্মী ও সহযোগী অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

## গাংনীতে পুকুরে ডুবে শিশু ইয়ানুরের

(প্রথম পৃষ্ঠার পর)

তার স্যান্ডেল পড়ে থাকতে দেখেন। পরে ফায়ার সার্ভিসকে খবর দিলে তাঁরা ইয়ানুরকে উদ্ধার করেন। স্থানীয় একটি ক্লিনিকে নেওয়ার পর কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। বামন্দী ফায়ার সার্ভিস স্টেশনের ভারপ্রাপ্ত কর্মকর্তা নাসির উদ্দীন জানান, পরিবারের লোকজন শিশুকে খুঁজে না পেয়ে তাদের খবর দেয়। দ্রুত ঘটনাস্থলে পৌঁছে পানির থেকে তাকে উদ্ধার করা হয়। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো: বানী ইসরাইল জানান, শিশুর মৃত্যুর খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পাঠানো হয়েছে।

## গাংনী ডিগ্রি কলেজে নবীনবরণ

(প্রথম পৃষ্ঠার পর)

কলেজের হলরুমে ২০২৫-২৬ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির নবীন শিক্ষার্থীদের নিয়ে এ অনুষ্ঠানের আয়োজন করে বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির গাংনী সরকারি ডিগ্রি কলেজ শাখা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির গাংনী উপজেলা সভাপতি শিহাব ইসলাম। প্রধান অতিথি ছিলেন কলেজের অধ্যক্ষ মো. মনিরুল ইসলাম এবং প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন ছাত্রশিবিরের কেন্দ্রীয় ব্যবসায়ী ও শিক্ষা সম্পাদক মো. গোলাম জাকারিয়া। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা শিবির সভাপতি আব্দুস সালাম, জেলা সেক্রেটারি মো. সাইদুর রহমান, সাবেক জেলা সভাপতি জয়নাল আবেদীন, উপজেলা সভাপতি আবু রায়হান, সরকারি কলেজ সভাপতি কামরুল ইসলাম নাহিদ, এফডিইবি জেলা সেক্রেটারি ইঞ্জিনিয়ার রাশিদুল ইসলাম বোরহান, কলেজের শিক্ষক মো. বায়েজিদ বোস্তামী ও মো. শাহিদুল ইসলাম। বক্তারা বলেন, শুধু ডিগ্রি অর্জন নয়ঁনৈতিকতা, আদর্শ ও দায়িত্ববোধে গড়ে উঠতে হবে সুশিক্ষিত মানুষ হিসেবে। সঠিক ক্যারিয়ার পরিকল্পনা একজন শিক্ষার্থীর জীবন গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। অনুষ্ঠানের শেষে নবীন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করা হয় এবং ক্যারিয়ার গাইডলাইন সেশনে ভবিষ্যৎ লক্ষ্য ও করণীয় বিষয়ে দিকনির্দেশনা দেওয়া হয়।

## ক্লিকেই জুয়া: তরুণ সমাজের নতুন আসক্তি"

সুখী ইসলাম



ওয়ান এক্সবেট, মেলবেটসহ শতাধিক জুয়ার সাইট করে চলছে অনলাইন জুয়ার কার্যক্রম। এসব জুয়া নিয়ন্ত্রণ হয় সুদূর রাশিয়া থেকে। জুয়ার চ্যানেল পরিচালনা করে কোটি কোটি টাকা পাচার হচ্ছে রাশিয়ায়। সেখানে রাশিয়ান লোকদের সঙ্গে মিলে জুয়া পরিচালনা করে কিছু প্রবাসী বাংলাদেশি। যাদের কয়েকজনের গ্রামের বাড়ি মেহেরপুরের মুজিবনগর উপজেলার কোমরপুর, যতারপুর, গোপালপুর, সদর উপজেলার ইসলামপুর, বারাদি, দরবেশপুর, গাংনী উপজেলা সদরসহ জেলার বিভিন্ন গ্রামগঞ্জে। অনলাইন জুয়ায় অনেকে নিঃস্ব থেকে কোটিপতি হয়েছে আবার অনেকে হয়েছে সর্বশান্ত। জেলার গোয়েন্দা সংস্থার তথ্যমতে, রাশিয়াভিত্তিক অনলাইনে ২৩১টি সাইটে হাজারখানেক যুবক জড়িত। এতে অপরাধীরা ছাড়াও সাধারণ শিক্ষার্থী, শিক্ষিত-অর্ধশিক্ষিত মানুষের মধ্যে জুয়ার নেশা ছড়িয়ে পড়েছে। জুয়ার নেশায় বুদ হয়ে সর্বস্ব হারিয়েছেন অনেকে। কেউ আবার বেছে নিয়েছেন আত্মহননের পথ। এমনকি প্রভাবশালী পরিবার, পাবলিক সেলিব্রেটিরাও এই অনলাইন জুয়ার নেশায় আসক্ত।যা আমাদের জন্য একটি অশনিসংকেত। অনলাইন দিন দিন সংখ্যা বাড়ছে জ্যামিতিক হারে। জুয়ার অ্যাপ একটি ফাঁদ ,প্রথম দিকের সাফল্যে গা ভাসিয়ে ভুক্তভোগীরা নিজের বা আত্মীয় কিংবা কাছের কারও থেকে টাকা জোগাড় করে, তারপর সেই টাকা ঢালতে থাকন একের পর এক বেটিং সাইটে। মনে আশা নিয়ে , ভাগ্যের চাকা এবার ঘুরবে সেই আশায় গা ভাসায়।কিন্তু যখনই বিনিয়োগ আর আয়ের অঙ্কটা বড় হয় তখনই নেমে আসে যত বিপত্তি। অনলাইন জুয়া চিরতরে বন্ধ করা বেশ চ্যালেঞ্জিং। কারণ ডিজিটালাইজেশন এর কারণে এটি প্রত্যন্ত অঞ্চল পর্যন্ত পৌঁছে গেছে এবং এটি নিজের বাড়ি বসেই খেলা যায় তাই এখানে আইন প্রয়োগ করা কঠিন। অনলাইন জুয়া প্রতিরোধের জন্য পরিবারের সদস্যদের ভূমিকা সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ।পরিবারের সহযোগীতা এবং প্রশাসনের হস্তক্ষেপ এই দুই মিলে জুয়াড়িদের কিছু নিয়ন্ত্রণ করা যেতে পারে। অবশ্য তাতে নিজের সদিচ্ছা থাকা জরুরি। যে কোনো খারাপ জিনিসের জন্য অ্যানালাইসিস করা জরুরি। কেন এই পথে আমাদের ছেলে-মেয়েরা যাচ্ছে? তারা কেন অনলাইন জুয়ায় আসক্ত? এর বড় কারণ, পড়ালেখার বাইরে এদের খুব বেশি কিছু করার নেই।বিশেষত শহরমুখী যারা, আগেকার মতো খেলাধুলা করতে পারছেনা। সারাক্ষণ ঘরেই বন্দী মুঠোফোন নিয়ে। তাদেরকে তো কিছু না কিছু করা লাগবে।তখনই এরা আসক্ত হয়ে যাচ্ছে। সামগ্রিকভাবে যদি চিন্তা করি, যারা অনলাইন জুয়াতে আসক্ত হয়ে যাচ্ছে, তারা কেন আসক্ত হচ্ছে সেই কারণ খুঁজে বের করা এবং সেই অনুযায়ী ব্যবস্থা নেওয়া।

তার মধ্যে একটা উদহারণ হতে পারে তাদের পর্যাপ্ত বিনোদনের ব্যবস্থা করা। বিটিআরসি নিয়মিত তদারকি করে জুয়ার সকল সাইট বন্ধ করে দিতে পারে।সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন ফেসবুক, ইউটিউব এ কনটেন্টে জুয়ার সাইটের সকল প্রকার বেটিং, প্রমোশন বিজ্ঞাপন বন্ধ করতে হবে।জনপ্রিয় খেলা সম্প্রচারসহ বিভিন্ন সময়ে বিভিন্ন চ্যানেলে বেটিং সাইটের চটকদার বিজ্ঞাপন ভিন্ন মোড়কে বা "সারোগেট" বিজ্ঞাপন আকারে প্রচার করা বন্ধ করতে হবে। পাশাপাশি সাইবার নিরাপত্তা নিশ্চিত করতে হবে। এখনই সচেতন না হলে পুরো একটি প্রজন্ম ধ্বংসের পথে এগিয়ে যাবে।

# ইস্তিগফারের উপকারিতা

আবদুল্লাহ আলমামুন আশরাফী

জীবনের প্রতিটি ক্ষণে মানুষ ভুল করে। সেই ভুলের জন্য অনুশোচনা প্রকাশ ও ক্ষমা প্রার্থনার নাম ইস্তিগফার। এটি কেবল মুখের উচ্চারণ নয়, বরং আত্মার শুদ্ধি ও আত্মসমর্পণের এক অপার অনুভব। কোরআন ও হাদিসে ইস্তিগফারকে আল্লাহর প্রিয় আমল হিসেবে উল্লেখ করা হয়েছে, যা মানুষকে শান্তি, সমৃদ্ধি ও পরিত্রাণের পথে পরিচালিত করে। 'ইস্তিগফার' শব্দের আভিধানিক অর্থ ক্ষমা প্রার্থনা করা। পরিভাষায় এর মানে হলো, নিজের গুনাহ ও অন্যায়ের জন্য মহান আল্লাহর নিকট মাফ চাওয়া এবং তাঁর দয়ার ছায়ায় ফিরে আসা। আল্লাহ তায়ালা কোরআনে বারবার বান্দাদের ইস্তিগফার করতে বলেছেন। প্রিয় নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজ জীবনে নিয়মিত ইস্তিগফার করতেন এবং উম্মতকেও সেই পথের আহ্বান জানাতেন। কারআনের আলোকে ইস্তিগফারের পাঁচ উপকারিতা। ১. মানুষ উত্তম জীবন কামনা করে। কোরআন শিক্ষা দেয় ইস্তিগফার সেই উত্তম জীবনের অন্যতম মাধ্যম। "তোমরা তোমাদের প্রতিপালকের কাছে ক্ষমা প্রার্থনা কর এবং তাঁর দিকে ফিরে এসো। তিনি তোমাদের নির্ধারিত সময় পর্যন্ত উত্তম জীবন উপভোগ করতে দেবেন।" ২. ইস্তিগফার আল্লাহর গজব ও শাস্তি থেকে রক্ষা করে।"আল্লাহ এমন নন যে, তুমি (হে নবী) তাদের মধ্যে অবস্থানকালে তিনি তাদের শাস্তি দেবেন; এবং তিনি এমনও নন যে, তারা ইস্তিগফার করতে থাকলে তাদের শাস্তি দেবেন।" ৩. ধনসম্পদে সমৃদ্ধি, ৪. সন্তানপ্রাপ্তি, ৫. ফসল ও ফলনে উন্নতি, সুরা নূহে আল্লাহ তায়ালা এই তিনটি কল্যাণ একত্রে ঘোষণা করেছেন,

"তোমরা তোমাদের প্রতিপালকের কাছে ক্ষমা চাও, নিশ্চয়ই তিনি অতিশয় ক্ষমাশীল। তিনি তোমাদের ওপর বৃষ্টি বর্ষণ করবেন, ধনসম্পদ ও সন্তানসন্ততিতে সমৃদ্ধ করবেন, তোমাদের জন্য উদ্যান ও নদনদী সৃষ্টি করবেন।" হাদিসের আলোকে ইস্তিগফারের পাঁচ উপকারিতা

১. যাদের আমলনামায় ইস্তিগফার বেশি থাকবে, তাদের জন্য রয়েছে সুখবর। নবীজি (সা.) বলেন, "যাদের আমলনামায় প্রচুর ইস্তিগফার থাকবে, তাদের জন্য রয়েছে সুসংবাদ।" ২. ইস্তিগফার নবী করিম (সা.)-এর দৈনন্দিন অভ্যাস ছিল। হজরত আগার বিন ইয়াসার (রা.) বলেন, নবীজি (সা.) বলেছেন, "হে মানুষ! তোমরা আল্লাহর কাছে তওবা করো ও তাঁর কাছে ইস্তিগফার করো। আমি নিজে প্রতিদিন ১০০ বার তওবা ও ইস্তিগফার করি।" ইস্তিগফার শুধু গুনাহ থেকে মুক্তির উপায় নয়, এটি মানুষকে দুনিয়া ও আখেরাতে শান্তি, কল্যাণ ও সাফল্যের দিকে নিয়ে যায়। ইস্তিগফার মানুষকে বিনয়ী করে, হৃদয়কে নির্মল করে এবং জীবনে বরকত আনে। তাই আসুনড়আমরা সবাই ইস্তিগফারকে জীবনের অভ্যাসে পরিণত করি, যেন মহান রবের সন্তুষ্টি ও ক্ষমা লাভে ধন্য হতে পারি।

## মটমুড়া বিএনপির ওয়ার্ড কমিটির

(প্রথম পৃষ্ঠার পর)

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মটমুড়া ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুল হামিদ। বিশেষ অতিথি ছিলেন ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুল ইসলাম জাহিদ। এসময় আরও উপস্থিত ছিলেন গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, শিক্ষা বিষয়ক সম্পাদক শরিফুল ইসলাম মাস্টার, ১নং ওয়ার্ড বিএনপির যুব বিষয়ক সম্পাদক শাহিনুজ্জামান, সাংগঠনিক সম্পাদক মোয়াজ্জেম হোসেন শাহসহ বিএনপি ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

## গাংনীতে ট্রাকের ধাক্কায় নিহত এক

(প্রথম পৃষ্ঠার পর)

থেকে ধাক্কা দেয়। এতে তিনি ছিটকে পড়ে গুরুতর আহত হন। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বাণী ইসরাইল জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। ট্রাক ও চালককে শনাক্তের চেষ্টা চলছে। লিখিত অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে জানান তিনি।

## মুজিবনগরে আমিরুল ইসলামের

(প্রথম পৃষ্ঠার পর)

ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম ও সাধারণ সম্পাদক ইসলাম আলী, মোনাখালী ইউনিয়ন বিএনপির সভাপতি রায়হান কবীর, জেলা যুবদলের দপ্তর সম্পাদক হাবিবুর রহমান ভিকু, উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক নাহিদুল ইসলাম, যুবদল নেতা ওমর ফারুক, উপজেলা ছাত্রদল নেতা শাওন, তুষার, শাহিন, মাকসুদুলসহ বিএনপি, যুবদল ও ছাত্রদলের বিভিন্ন স্তরের নেতাকর্মীরা। গণসংযোগ শেষে নেতাকর্মীরা ধানের শীষের পক্ষে স্লোগান দিতে দিতে রাস্তায় মিছিল করেন। এতে পুরো এলাকায় এক উৎসবমুখর পরিবেশ সৃষ্টি হয়।

## এনসিপিকে শাপলা প্রতীক দেওয়ার

(প্রথম পৃষ্ঠার পর)

হয়েছে। তারা শাপলা প্রতীক চেয়ে ব্যাখ্যা চেয়েছেন, আমরা তা দিয়েছি। তবে ইসি তার আগের সিদ্ধান্তেই অটল রয়েছেড় নির্বাচন বিধিমালায় যেহেতু শাপলা প্রতীক নেই, তাই সেটি বরাদ্দ দেওয়া সম্ভব নয়।" ইসি সচিব আরও জানান, এনসিপিকে ১৯ অক্টোবরের মধ্যে ইসির তপশিলভুক্ত প্রতীকগুলোর মধ্য থেকে একটি বেছে নিতে হবে। তিনি বলেন, "যদি তারা নির্ধারিত সময়ের মধ্যে নতুন প্রতীক না দেয়, তাহলে কমিশন নিজ বিবেচনায় দলটিকে একটি প্রতীক বরাদ্দ করবে।" প্রবাসী ভোটারদের বিষয়ে অগ্রগতির কথা জানিয়ে আখতার আহমেদ বলেন, বর্তমানে পুরনো ১১টি দেশের সঙ্গে নতুন করে আরও ৪টি দেশে প্রবাসী ভোটার হালনাগাদ কার্যক্রম শুরু হচ্ছে। তিনি আশা প্রকাশ করেন, "নভেম্বরের প্রথম সপ্তাহেই প্রবাসী ভোটের জন্য মোবাইল অ্যাপ চালু করা যাবে।" তিনি আরও জানান, ফেব্রুয়ারির নির্বাচনের জন্য প্রয়োজনীয় সব সরঞ্জাম ইতোমধ্যে নির্বাচন কমিশনের কাছে পৌঁছেছে। স্থানীয় নির্বাচনে পর্যবেক্ষকদের অংশগ্রহণ ও সাংবাদিকদের সহযোগিতার প্রশংসাও করেন তিনি। নতুন রাজনৈতিক দলের নিবন্ধন প্রসঙ্গে সচিব বলেন, "নতুন ১২টি দলের নিবন্ধন নিয়ে সচিবালয় ও মাঠপর্যায়ে অনুসন্ধান কার্যক্রম চলছে।" গণভোট নিয়ে প্রশ্নের জবাবে তিনি বলেন, "গণভোট হবে কি না এ বিষয়ে এখনো নির্বাচন কমিশনে কোনো প্রস্তাব বা আলোচনা উপস্থাপন করা হয়নি।"

## দুই গোলে এগিয়েও জাপানে ধরাশায়ী

(প্রথম পৃষ্ঠার পর)

এরপর ৩২ মিনিটে লুকাস পাকেতার পাসে গোল করে গাব্রিয়েল মার্তিনেল্লি, যা ব্রাজিলকে দুই গোলে এগিয়ে দেয়। দুই গোলের সুবিধা নিয়ে প্রথমার্ধ শেষ করে দলটি। কিন্তু দ্বিতীয়ার্ধের শুরুতে জাপান দ্রুত একটি গোল শোধ করে। সাবেক লিভারপুল তারকা তাকুমি মিনামিনোর জালে বল জড়ালে স্বাগতিকদের মধ্যে কিছুটা স্বস্তি ফিরে আসে। এই গোল হজমের পরও ব্রাজিল কোচ কার্লো আনচেলত্তি ব্রুনো গিমারায়েস, ভিনিসিয়ুস জুনিয়র এবং মার্তিনেল্লিকে তুলে নেন। কিন্তু এটি ফলপ্রসূ হয়নি। ৬২ মিনিটে কেইতো নাকামুরা এবং ৭১ মিনিটে আয়াসে উয়েদার দুটি গোলে সমতা তৈরি হয় এবং জাপান শেষ পর্যন্ত ৩-২ গোলে জয় নিশ্চিত করে। এই ফলাফলের মাধ্যমে জাপান আন্তর্জাতিক ফুটবলে নিজের অবস্থান আরও দৃঢ় করেছে, আর আনচেলত্তির নেতৃত্বাধীন ব্রাজিল বড় ধাক্কা খেয়েছে।

## মোনাখালীতে তাজউদ্দীনের

(প্রথম পৃষ্ঠার পর)

মুখলেচুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত গণসংযোগে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর মেহেরপুর জেলা শাখার আমীর ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য প্রার্থী মাওলানা তাজউদ্দীন খান। বিশেষ অতিথি হিসেবে অনুষ্ঠানে ছিলেন মেহেরপুর জেলা জামাতের সেক্রেটারি জনাব ইকবাল হোসেন, মুজিবনগর উপজেলা জামায়াতের আমীর মাওলানা খান জাহান আলী, শ্রমিক কল্যাণ ফেডারেশন মেহেরপুর জেলা সভাপতি জনাব আব্দুর রউফ মুকুল, মুজিবনগর উপজেলা জামাতের সেক্রেটারি জনাব খায়রুল বাশার এবং উপজেলা শ্রমিক কল্যাণ সভাপতি ফজলুল হক গাজী। সংগঠনের নেতা-কর্মীরা গ্রামবাসীর সঙ্গে সরাসরি সংলাপ ও মতবিনিময় করেন।

## কেউ মনে রাখেনি মুন্সি সাখাওয়াত

(প্রথম পৃষ্ঠার পর)

হোসেন। ওই সভায় গঠিত হয় মেহেরপুর 'রাষ্ট্রভাষা ছাত্র সংগ্রাম পরিষদ', যার আহ্বায়ক নির্বাচিত হন তিনি। মুন্সি সাখাওয়াত হোসেনের নেতৃত্বে মেহেরপুর উচ্চ ইংরেজি মডেল স্কুলের মুসলিম হোস্টেলের ছাত্ররা পোস্টারিং ও পিকেটিং-এ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ১৯৫৪ সালে তিনি মেহেরপুর ছাত্রলীগের সভাপতি নির্বাচিত হন। ১৯৫৭ সালে কাগমারি সম্মেলনের পর যুক্তফ্রন্ট ভেঙ্গে গেলে তিনি মাওলানা ভাষানীর ন্যাশনাল আওয়ামী পার্টিতে যোগ দেন। মুক্তিযুদ্ধের সময় তিনি স্বপরিবারে ভারতে চলে গিয়ে স্বাধীনতা যুদ্ধের সঙ্গে যুক্ত ছিলেন। মাওলানা ভাষানীর মৃত্যুর পর তিনি ইউনাইটেড পিপলস পার্টিতে যোগদান করেন। পঁচাত্তরের রাজনৈতিক পরিবর্তনের পর তিনি তৎকালীন জাগদলের মেহেরপুর জেলা শাখার আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করেন। মৃত্যুকালে তিনি ছিলেন মেহেরপুর জেলা জাতীয় পার্টির সভাপতি।

## মেহেরপুর ওয়ার্ড মহিলা দলের

(প্রথম পৃষ্ঠার পর)

ইমন বিশ্বাস। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক রোমানা আহমেদ, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিফ, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, মহিলা দলের সহ-সভাপতি সাবিহা সুলতানা এবং সাবেক মহিলা বিষয়ক সম্পাদক নাজমুন নাহার রিনা। অন্যদের মদ্যে উপস্থিত ছিলেন আমদহ ইউনিয়নের মহিলা বিষয়ক সম্পাদক রাকিবা খাতুন রাখী, মহিলা দলের নেত্রী নবীনা খাতুন, পলি খাতুন প্রমুখ।

## রিজভী

(প্রথম পৃষ্ঠার পর)

প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন রিজভী। বিএনপির এই নেতা আরও বলেন, "জামায়াত আওয়ামী লীগের লেজ ধরে চলতে ভালোবাসে। এখনো তারা আওয়ামী লীগের ভোট নেওয়ার জন্য কায়দা-কানুন করছে। শুধুমাত্র ক্ষমতায় যাওয়ার জন্য ইসলামের মৌলিক নীতির বাইরে কথা বলছে তারা।" তিনি অভিযোগ করেন, জামায়াত ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করে মিথ্যা প্রচারের জন্য একটি বাহিনী গড়ে তুলেছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
মেহেরপুর।
স্মারক নং -জেশিঅ/মেহের/২২৫
মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও বিএম কলেজের ম্যানেজিং কমিটি গঠনের নির্বাচনী তফসিল
সুত্রঃ জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর এর স্মারক নং-০৫.৪৪.৫৭০০.০১৮.১৮.০৩৭.২৫-৪৫৪
উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসকের কার্যালয়,মেহেরপুর এর স্মারক নং -৫ মোতাবেক প্রিজাইডিং অফিসার নিয়োগপ্রাপ্ত হয়ে আমি আখতারুজ্জামান, গবেষণা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস মেহেরপুর, মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও বিএম কলেজের ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে ১ ।সাধারণ অভিভাবক সদস্য, ২। সংরক্ষিত মহিলা অভিভাবক সদস্য, ৩। সাধারণ শিক্ষক সদস্য, ৪। সংরক্ষিত মহিলা শিক্ষক সদস্য পদে নির্বাচনের জন্য নিম্ন সময়সূচী অনুযায়ী নির্বাচনী তফসিল ঘোষণা করলাম। নির্বাচনে অংশগ্রহণ করতে ইচ্ছুক সকল পদের ভোটারদেরকে বর্ণিত সময় অনুযায়ী অফিস চলাকালীন মনোনয়নপত্র গ্রহণ করে তথ্য পূরণ পূর্বক জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
১। সকল শ্রেণীর মনোনয়নপত্র গ্রহণ ও জমাদানঃ ১৯-২২ 'অক্টোবর- ২০২৫ (সকাল ১০ঃ০০ থেকে বিকাল ৪ঃ০০ টা পর্যন্ত) রবিবার থেকে বুধবার
স্থানঃ অধ্যক্ষের কার্যালয় মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও বিএম কলেজ।
২। সকল শ্রেণীর মনোনয়নপত্র বাছায়ঃ ২৩/১০/২০২৫ বৃহস্পতিবার বেলা ১১ টা)।
স্থানঃ অধ্যক্ষের কার্যালয় মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও বিএম কলেজ।
৩। সকল শ্রেণীর মনোনয়নপত্র প্রত্যাহারঃ ২৬/১০/২০২৫, রবিবার, সকাল ১০ টা থেকে বিকাল ৪টা পর্যন্ত।
স্থানঃ অধ্যক্ষের কার্যালয় মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও বিএম কলেজ।
৪। বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশঃ ২৮/১০/২০২৫ (মঙ্গলবার) বিকাল ৪ টা।
স্থানঃ অধ্যক্ষের কার্যালয় মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও বিএম কলেজ।
৫। নির্বাচনঃ ৩/১১/২০২৫ (সকাল ১০টা থেকে বিরতিহীন ভাবে বিকাল ৪ টা পর্যন্ত।
স্থানঃ অধ্যক্ষের কার্যালয় মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও বিএম কলেজ।
আখতারুজ্জামান
প্রিজাইডিং অফিসার
ও গবেষণা কর্মকর্তা
জেলা শিক্ষা অফিস, মেহেরপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
মেহেরপুর সদর, মেহেরপুর।
স্মারক নং -উমাশিঅ/মেহের/ম্যাঃকঃ-৪৫(৩)২০২৫/২২২
শ্যামপুর শালিকা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের তফসিল
সুত্র ০৫.৪৪.৫৭৪৭.০০০.৬৪.২৭৭.২৫-১৫৭২
এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শ্যামপুর শালিকা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের তফসিল নিম্নে প্রদান করা হলোঃ
১। মনোনয়নপত্র গ্রহণ ও জমাদানঃ ১৬, ১৭ ও ১৮ অক্টোবর' ২০২৫ (সকাল ১০ঃ০০ থেকে বিকাল ৪ঃ০০ টা পর্যন্ত)
মনোনয়ন প্রাপ্তির স্থানঃ প্রধান শিক্ষক, শ্যামপুর শালিকা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের কার্যালয়।
মনোনয়ন জমদানের স্থানঃ প্রধান শিক্ষক, শ্যামপুর শালিকা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের কার্যালয়।
২। মনোনয়নপত্র বাছায়ঃ ২০/১০/২০২৫ (বিকাল ৪ টা)
স্থানঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মেহেরপুর সদর মেহেরপুর।
৩। মনোনয়নপত্র প্রত্যাহারঃ ২২/১০/২০২৫। (বিকাল ৪টা)
স্থানঃ শ্যামপুর শালিকা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট।
৪। চূড়ান্ত তালিকা প্রকাশঃ ২২/১০/২০২৫ প্রিজাইডিং অফিসার ও প্রতিষ্ঠান প্রদানের কার্যালয়।
৫। নির্বাচনঃ ২/১১/২০২৫ (সকাল ১০টা থেকে বিরতিহীন ভাবে বিকাল ৪ টা পর্যন্ত)।
স্থানঃ শ্যামপুর শালিকা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রাঙ্গন।
মোঃ মনিরুল ইসলাম
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
মেহেরপুর সদর
ও প্রিজাইডিং অফিসার
ম্যানেজিং কমিটির নির্বাচন- ২০২৫
শ্যামপুর শালিকা মাধ্যমিক বালিকা বিদ্যালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
মেহেরপুর সদর, মেহেরপুর।
স্মারক নং- উমাশিঅ/মেহের/ম্যা:ক:- ৪৫(৩)/২০২৫/২১৯
কবি নজরুল শিক্ষা মঞ্জিল এর নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের তফসীল ঘোষণা
সুত্র: ০৫.৪৪.৫৭৮৭.০০০.৬৪.২৭৭.২৫-১৪৭০
এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কবি নজরুল শিক্ষা মঞ্জিল এর নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের তফসীল নিম্নে প্রদান করা হলো।
০১। মনোনয়ন পত্র গ্রহণ ও জমাদান : ১৯, ২০ ও ২১ অক্টোবর/ ২০২৫ (সকাল- ১০.০০ টা থেকে বিকাল - ৪.০০ টা পর্যন্ত )
মনোনয়ন পত্র প্রাপ্তি স্থান : প্রধান শিক্ষক, কবি নজরুল শিক্ষা মঞ্জিল এর কার্যালয়।
মনোনয়ন পত্র জমাদানের স্থান : প্রধান শিক্ষক, কবি নজরুল শিক্ষা মঞ্জিল এর কার্যালয়।
০২। মনোনয়ন পত্র বাছাই : ২৩/১০/২০২৫ খ্রি. (বিকাল- ৪.০০ টা)।
স্থানঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মেহেরপুর সদর, মেহেরপুর ।
০৩। মনোনয়ন পত্র প্রত্যাহার ঃ ২৬/১০/২০২৫ খ্রি. বিকাল - ৪.০০ টার মধ্যে।
স্থান ঃ কবি নজরুল শিক্ষা মঞ্জিল এর প্রধান শিক্ষকের নিকট।
০৪। নির্বাচন ঃ ০৭/১১/২০২৫ খ্রি. (সকাল ১০.০০ টা থেকে বিরতিহীন ভাবে বিকাল - ৪.০০ টা পর্যন্ত )
স্থান : কবি নজরুল শিক্ষা মঞ্জিল প্রাঙ্গন।
(মোঃ মনিরুল ইসলাম)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
মেহেরপুর সদর, মেহেরপুর
ও প্রিজাইডিং অফিসার
ম্যানেজিং কমিটি নির্বাচন/২০২৫
কবি নজরুল শিক্ষা মঞ্জিল ।